

যায়যায়দিন

তারিখ ... 3 NOV 2007 ...
পৃষ্ঠা - ১

সি.এ.সি.
১০



সউদ নিউজ

**সউদি ইউনিভার্সিটিতে
নিয়োগ পেলেন ৩০
বাংলাদেশি শিক্ষক**

যায়দি রিপোর্ট

সউদি 'আরবেব কিং' খালেদ ইউনিভার্সিটিতে বিভিন্ন অনুষদে বাংলাদেশি ৩০ জন শিক্ষকের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। নিয়োগকারী প্রতিষ্ঠান এসব শিক্ষকদের সব খরচ বহন করছে। নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের একটি প্রতিনিধি দল গতকাল পররাষ্ট্র উপদেষ্টা ড. **পূর্ব** ইফতেবার

সউদি ইউনিভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

আহমাদ চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের সদস্যদের মধ্যে ইংরেজি ও মেডিসিন বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, চলতি বছরের প্রথম দিকে সউদি সুরকার বাংলাদেশ থেকে ডাক্তার, ইঞ্জিনিয়ার ও শিক্ষকসহ বিভিন্ন ক্যাটাগরির দক্ষ পেশাজীবী চেয়ে বাংলাদেশ সরকারকে জানিয়েছিলেন। সউদি আরবেব বর্তমানে এসব পেশাজীবীদের ব্যাপক চাহিদা রয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

উপদেষ্টা বলেন, দক্ষ জনশক্তি রফতানির এ উদ্যোগ সম্প্রতি সরকার ঘোষিত সাত দফা কর্মসূচি বাস্তবায়নের অংশ। তিনি বলেন, সরকার ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তিতে দক্ষ জনশক্তি রফতানির লক্ষ্যে অবকাঠামো গড়ে তুলবে। জনশক্তি ট্রেনিং প্রতিষ্ঠান ও ইউনিভার্সিটিসহ সরকারি বিভিন্ন ট্রেনিং প্রতিষ্ঠানকে এ ব্যাপারে কাজে লাগানো হবে। তিনি বলেন, দক্ষ জনশক্তি রফতানির মাধ্যমে প্রচুর রেমিট্যান্স অর্জন করা যায়। সেই সঙ্গে দক্ষ জনশক্তি বিদেশে অধিকতর সুযোগ-সুবিধা পেয়ে যাবে।

উপদেষ্টা বলেন, সউদি আরবসহ উন্নত দেশে কিভাবে চিকিৎসক, প্রকৌশলী ও তথ্য প্রযুক্তিবিদসহ আরো অধিক সংখ্যক দক্ষ জনশক্তি পাঠানো যায় সরকার সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ সময় বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মাহবুবুর রহমানও উপস্থিত ছিলেন।